

একই স্মারক ও তারিখ ঠিক রেখে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়
সাদুল্লাপুর, গাইবান্ধা।

dls.sadullapur.gaibandha.gov.bd

স্মারক নং: ৩৩.০১.৩২৮২.০০০.১৪.০০৭.১৯


তারিখ- ০১/০৮/১৯ খ্রিঃ।

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য রসুলপুর, নলডাঙ্গা, দামোদরপুর, জামালপুর, ফরিদপুর, ধাপেরহাট, ইদিলপুর, ভাতগ্রাম, বনগ্রাম, কামারপাড়া ও খোন্দকোমরপুর ইউনিয়নে ০১(এক) জন করে মোট ১১ জন লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider(LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ১৯ আগস্ট, ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতা :

১. সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই (এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্যকোন প্রতিষ্ঠানে পূর্ণকালিন কর্মরতদের এবং/অথবা এনএটিপি এর সীলদের আবেদন করার প্রয়োজন নেই।



(ডা. এ এম এম সাদেকুর রহমান)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সাদুল্লাপুর, গাইবান্ধা।

ulosadullapur@gmail.com

ফোনঃ ০৫৪২৫-৫৬০১৫

বিজ্ঞপ্তিটি নিম্ন বর্ণিত অফিসারবৃন্দের নোটিশ বোর্ডে টানানো হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা।

অনুলিপিঃ

- ১। নোটিশ বোর্ড
- ২। অফিস নথি।